রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ২৭, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**

**আদেশ**

তারিখ, ১১ মে, ২০১৫

**নং ২৭.০০.০০০০.০৫২.০৩১.০১৩.১৪-২০৪**—বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৭ এর উপ-বিধি ২ এবং বিধি ৪৮ (১) এর আওতায় রেগুলেশনের প্রবিধান-৩৪ এর প্রদত্ত ক্ষমতাবলে উল্লিখিত বিষয়ে পূর্ববর্তী সকল আদেশ বাতিলক্রমে সরকার নিম্নরূপ আদেশ জারী করিলেন, যথা ঃ—

১। এই আদেশ "বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা এবং বিদ্যুৎ লাইসেন্স জারী আদেশ, ২০১৫" নামে অবহিত হইবে।

২। এই আদেশে ব্যবহৃত শব্দ ও শব্দসমষ্টি, আদেশটির উদ্দেশ্য অর্জনকল্পে ব্যবহৃত অন্যান্য শব্দ ও শব্দসমষ্টি ব্যতিরেকে বিদ্যুৎ আইন, ১৯১০ (১৯১০ এর ৯) এবং বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এ ব্যবহৃত শব্দ ও শব্দসমষ্টি সমর্থক বলিয়া গণ্য হইবে এবং বিষয়ে বা প্রসঙ্গে, পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশ—

(ক) "মালিক" বলিতে যে ব্যক্তিগত অথবা সরকারি মালিকানাধীন ভবন বা স্থানে বিদ্যুৎ উৎপাদন, গ্রহণ বা ব্যবহৃত হইতেছে বা হইবে, সেই ভবন বা স্থানের দখলদারকে বুঝাইবে।

(খ) "প্রাথমিক" বলিতে যে কোন বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি বিদ্যুৎ সংযোগের পূর্বে বা পরে ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক প্রথমবার পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করা বুঝাইবে।

(গ) "লাইসেন্সী" বলিতে বিদ্যুৎ আইন, ১৯১০ এর ধারা ৩ এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ ছাড়াও উক্ত আইনের ধারা ২৮ (১) মোতাবেক সরকারের পূর্ব অনুমোদনক্রমে বিদ্যুৎ সরবরাহ ব্যবসায় নিয়োজিত ব্যক্তিবর্গকেও বুঝাইবে।


**মূল্য ঃ** টাকা ১৬.০০

৩। বিদ্যুৎ আইন, ১৯১০ এবং বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর অধীনে বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে এতদ্‌সঙ্গে সংযোজিত "তফসিল" এ বর্ণিত "মান" অনুযায়ী ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) "তফসিল" এ বর্ণিত মান "ক" হইতে মান "ঙ" পর্যন্ত নির্ধারিত পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা এবং ইহার জন্য নির্ধারিত ফিস পরিশোধ করা হইলে অনুরূপ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার তারিখ হইতে ১২ (বার) মাসের মধ্যে সম্পাদিত দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য কোন ফিস ধার্য ও আদায় করা যাইবে না; তবে দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য আবেদন করা হইলে অথবা বিদ্যুৎ আইন, ১৯১০ বা বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এ বর্ণিত কোন বিধান, বিদ্যুৎ পরিদর্শকের মতে, লংঘিত হইয়া থাকিলে অথবা বিদ্যুৎ পরিদর্শকের যে কোন লিখিত আদেশ নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সী বা মালিক কর্তৃক প্রতিপালনে অবহেলা বা ব্যর্থতা পরীক্ষিত হইলে, সেক্ষেত্রে উল্লিখিত সময়ের মধ্যে দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য পুনরায় ফিস ধার্য ও আদায় করা যাইবে।

(খ) "তফসিল" এ বর্ণিত মান "চ" হইতে মান "ঢ" পর্যন্ত নির্ধারিত পরিদর্শন ও পরীক্ষ-নিরীক্ষার জন্য নিম্নোক্ত ক্ষেত্র দুইটি ব্যতীত কোন ফিসও আদায় করা যাইবে না ঃ—

(১) এইরূপ পরিদর্শন ও পরীক্ষ-নিরীক্ষা আবেদনের ভিত্তিতে সম্পাদন করা হইলে, অথবা

(২) পরিদর্শিত ও পরীক্ষা-নিরীক্ষাকৃত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি বিদ্যুৎ আইন, ১৯১০ ও বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধান মোতাবেক স্থাপিত হয় নাই বলিয়া বিদ্যুৎ পরিদর্শকের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে ফিস ধার্য ও আদায় করা যাইবে।

৪। **ফিস পরিশোধ পদ্ধতি**—এই আদেশের অধীনে পরিশোধযোগ্য ফিস নিম্নোক্ত উপায়ে পরিশোধিত হইবে ঃ

(ক) আবেদনের ভিত্তিতে পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে অগ্রিম পরিশোধ করিতে হইবে।

(খ) সম্পাদিত অন্যান্য পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হইতে বিল প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে।

(গ) ফিস—

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পরিদর্শন কোড নং | ১ | ৫ | ৬ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ০ | ১ | ৭ |
| ও | | | | | | | | | | | | | |
| লাইসেন্স কোড নং | ১ | ৫ | ৬ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ৮ | ৫ | ৪ |

খাতে বাংলাদেশ ব্যাংক অথবা ট্রেজারীতে চালানের মাধ্যমে জমা দিয়া প্রাপ্ত চালানের মূলকপি বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরে প্রেরণ করিতে হইবে। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক বিষয়টি সম্পর্কে সরকারকে অবহিত রাখিবে।

৫। বাংলাদেশ গেজেট প্রকাশের তারিখ হইতে এই আদেশ উল্লিখিত ফিস কার্যকর হইবে।

**মনোয়ার ইসলাম**
সচিব।

## মান-ক

১। মান-খ হইতে মান-ড পর্যন্ত সুনির্দিষ্টভাবে প্রযোজ্য ক্ষেত্রগুলি ব্যতিত, বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে এমন ধরণের মধ্যম বা উচ্চ চাপবিশিষ্ট বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

| ক্রমিক নং | স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস (টাকা) | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|---|---|
| (১) | ৫ (পাঁচ) কিলোওয়াট পর্যন্ত | ৪২০ টাকা | ১ থেকে ৮ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) | ৫ (পাঁচ) কিলোওয়াটের উর্ধ্বে কিন্তু ১০ (দশ) কিলোওয়াটের অধিক নহে। | ৬৩০ টাকা | |
| (৩) | ১০ (দশ) কিলোওয়াটের উর্ধ্বে কিন্তু ২০ (বিশ) কিলোওয়াটের অধিক নহে। | ৮৪০ টাকা | |
| (৪) | ২০ (বিশ) কিলোওয়াটের উর্ধ্বে কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের অধিক নহে। | ১৬৮০ টাকা | |
| (৫) | ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০০ (একশত) কিলোওয়াটের অধিক নহে। | ২৫২০ টাকা | |
| (৬) | ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের অধিক নহে। | ২৫২০ টাকা ও তৎসহ ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ১২৬০ টাকা, তবে উক্ত অংশটি ৫ (পাঁচ), ১০ (দশ) বা ২০ (বিশ) কিলোওয়াটের অধিক না হইলে, এইরূপ অংশের জন্য যথাক্রমে ৪২০, ৬৩০ বা ৮৪০ টাকা ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৭) | ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের উর্ধ্বে কিন্তু ১০০০ (একহাজার) কিলোওয়াটের অধিক নহে। | ১২৬০০ টাকা ও তৎসহ ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ৮৪০ টাকা তবে উক্ত অংশটি ৫ (পাঁচ) বা ১০ (দশ) কিলোওয়াটের অধিক না হইলে, এইরূপ অংশের জন্য যথাক্রমে ৪২০, ৬৩০ বা ৮৪০ টাকা ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৮) | ১০০০ (একহাজার) কিলোওয়াটের উর্ধ্বে, | ২১,০০০ টাকা | |

২। মালিক (যাহাকে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে) কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-খ**

১। যে কোন ট্রান্সফরমার অথবা বিদ্যুৎ গ্রহণ কেন্দ্র অথবা অন্য জায়গা, যেখানে ১০০ (একশত) ভোল্টস বা তদূর্ধ্ব পরিমাণ চাপবিশিষ্ট বিদ্যুৎ বিতরণ করা হইতেছে বা হইবে, পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

| ক্র. নং | স্থাপিত ট্রান্সফরমারের ধারণ ক্ষমতা | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস (টাকা) | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|---|---|
| (১) | ১০০ (একশত) কিলোওয়াট/কেভিএ পর্যন্ত | ১০৫০/- | ১ থেকে ১১ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) | ১০০ (একশত) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ২১০০/- | |
| (৩) | ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/ কেভিএ-এর অধিক নহে। | ৩১৫০/- | |
| (৪) | ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৪৩২০/- | |
| (৫) | ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর অধিক নহে। | ৫২৫০/- | |
| (৬) | ১০০০ (এক হাজার) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ১৫০০ (এক হাজার পাঁচশত) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৬৩০০/- | |
| (৭) | ১৫০০ (এক হাজার পাঁচশত) কিলোওয়াট/ কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ২ (দুই) মেগাওয়াটের এর অধিক নহে। | ৬৬০০/- | |
| (৮) | ২ (দুই) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫ (পাঁচ) মেগাওয়াটের এর অধিক নহে। | ৬৬০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ৬০০ টাকা। | |
| (৯) | ৫ (পাঁচ) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০ (দশ) মেগাওয়াটের এর অধিক নহে। | ৮৪০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার)কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ৩০০ টাকা। | |
| (১০) | ১০ (দশ) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০ (বিশ) মেগাওয়াটের এর অধিক নহে। | ৯৯০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ১৫০ টাকা। | |
| (১১) | ২০ (বিশ) মেগাওয়াটের উর্ধ্বে | ১১৪০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ১৫০ টাকা। | |

২। ট্রান্সফরমার বা বিদ্যুৎ গ্রহণ কেন্দ্রের ক্ষেত্রে উহার মালিক কর্তৃক ফিস পরিশোধিত হইবে।

**মান-গ**

১। গণ-বিনোদন কেন্দ্রিক যে কোন জায়গায় স্থাপিত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

| ক্র. নং | স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস (টাকা) | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|---|---|
| (১) | অনুচ্ছেদ ২-এ বর্ণিত ভ্রাম্যমাণ চলচ্চিত্র বা অস্থায়ী গণ-বিনোদন কেন্দ্র ব্যতীত প্রেক্ষাগৃহ, নাট্যকেন্দ্র অথবা অন্যান্য গণবিনোদন কেন্দ্রে স্থাপিত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি (জেনারেটর বাদে) পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য। | ৬০০০/- | ১ থেকে ২ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) | ভ্রাম্যমাণ চলচ্চিত্র অথবা অন্যান্য অস্থায়ী গণ-বিনোদন কেন্দ্রে স্থাপিত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি (জেনারেটর বাদে) পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য। | ৩০০০/- | |

২। মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ঘ**

১। কারখানা আইন ঃ ১৯৬৫(১৯৬৫ এর ৪) এর অধীনে স্থাপিত কারখানাসমূহে সংযোজিত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি (ট্রান্সফরমার বাদে, ট্রান্সফরমার থাকিলে তজ্জন্য আলাদাভাবে মান-খ এর নির্ধারিত ফিস আদায় করা হইবে) পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

| ক্র. নং | স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস (টাকা) | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|---|---|
| **ক) পাওয়ার লাইন ব্যতিরেকে বাতি, পাখা ও অন্যান্য গুলির জন্য** | | | |
| (১) | ১ (এক) কিলোওয়াট পর্যন্ত | ৩০০/- | ১ থেকে ২ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) | ১ (এক) কিলোওয়াটের উর্ধ্বে, অতিরিক্ত প্রতি কিলোওয়াটের জন্য। | ৩০০/- (সর্বোচ্চ ৩০০০/- টাকা পর্যন্ত) | |

| ক্র. নং | স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস (টাকা) | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|---|---|
| **(খ) পাওয়ার লাইনের জন্য** | | | |
| ১) | ৫ (পাঁচ) কিলোওয়াট পর্যন্ত | ৪২০/- | ১ থেকে ১০ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) | ৫ (পাঁচ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০ (দশ) কিলোওয়াটের অধিক নহে। | ৬৩০/- | |
| (৩) | ১০ (দশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০ (বিশ) কিলোওয়াটের অধিক নহে। | ৮৪০/- | |
| (৪) | ২০ (বিশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের অধিক নহে। | ১৬৮০/- | |
| (৫) | ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০০ (একশত) কিলোওয়াটের অধিক নহে। | ২৫২০/- | |
| (৬) | ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের অধিক নহে। | ২৫২০ টাকা ও তৎসহ ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ১২৬০ টাকা, তবে উক্ত অংশটি ৫ (পাঁচ), ১০ (দশ) বা ২০ কিলোওয়াটের অধিক না হইলে, এইরূপ অংশের জন্য যথাক্রমে ৪২০, ৬৩০ বা ৮৪০ টাকা ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৭) | ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০০০ (এক হাজার) কিলোওয়াটের অধিক নহে। | ১২৬০০ টাকা ও তৎসহ ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ৮৪০ টাকা হারে। | |
| (৮) | ১০০০ (এক হাজার) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০০০ (দুই হাজার) কিলোওয়াটের অধিক নহে। | ২১০০০ টাকা ও তৎসহ ১০০০ (এক হাজার) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ৩০০ টাকা হারে। | |
| (৯) | ২০০০ (দুই হাজার) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৪০০০ (চার হাজার) কিলোওয়াটের অধিক নহে। | ২৭০০০ টাকা ও তৎসহ ২০০০ (দুই হাজার) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ১৫০ টাকা হারে। | |
| (১০) | ৪০০০ (চার হাজার) কিলোওয়াটের উর্ধ্বে। | ৩৩০০০ | |

২। মালিক (যাহাকে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে) কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ঙ**

১। বৈদ্যুতিক ট্রাকশন পদ্ধতি, ট্রলি ওয়্যার, ওভারহেড সরঞ্জামাদি বা বন্ডিং ও লিকেজ কারেন্ট পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে দৈনিক ৮(আট) ঘন্টার জন্য ৪২০০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। বৈদ্যুতিক ট্রাকশন পদ্ধতির মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-চ**

১। নিম্নলিখিত পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য তাহাদের পার্শ্বে বর্ণিত ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

| | | |
|---|---|---|
| (ক) | উচ্চচাপ বিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | ২১০০ টাকা |
| (খ) | মাধ্যমচাপ বিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | ৪২০ টাকা |
| (গ) | নিম্নচাপ বিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | ৮৪ টাকা |

২। লাইসেন্সী অথবা বিদ্যুৎ সরবরাহকারী অন্যান্য ব্যক্তি কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ছ**

১। বিভিন্ন লাইসেন্সী অথবা মালিকগণের এরিয়্যাল লাইন (ক) পরস্পর, অথবা (খ) টেলিফোন ও টেলিগ্রাফ লাইন বা ট্রলি ওয়্যার-এর পাশাপাশি বা আড়াআড়ি অতিক্রম করিলে, ঐগুলি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য প্রতি ক্ষেত্রে ৪২০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। পরে নির্মিত বা টানা লাইনের মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-জ**

১। নিম্নলিখিত পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) উচ্চচাপ বিশিষ্ট এরিয়্যাল লাইন অথবা ক্যাবল ৫(পাঁচ) কিলোমিটার পর্যন্ত দূরত্বের জন্য ন্যূনতম ২১০০ টাকা এবং ৫(পাঁচ) কিলোমিটারের অধিক প্রতি কিলোমিটার অথবা ইহার অংশ বিশেষের জন্য ২১০ টাকা হারে।

(খ) মধ্যম ও নিম্নচাপ বিশিষ্ট এরিয়্যাল লাইন অথবা ক্যাবল ১(এক) কিলোমিটার দূরত্বের জন্য ন্যূনতম ৪২০ টাকা এবং ১(এক) কিলোমিটারের অধিক প্রতি কিলোমিটার অথবা ইহার অংশ বিশেষের জন্য ১২৬ টাকা হারে।

২। লাইসেন্সী বা মালিক কর্তৃক, যে ক্ষেত্রে যেমন প্রযোজ্য এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ঝ**

১। প্রতিটি বিদ্যুৎ চালিত লিফট পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য ১০৫০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ঞ**

১। বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৭০ এর অধীনে পরিদর্শন ও সার্টিফিকেট জারীর জন্য ৪২০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। যে কোন নতুন ভবন অথবা কাঠামো নির্মাণের অথবা কোন ভবন বা কাঠামো অস্থায়ীভাবে পরিবর্ধন বা পরিবর্তনের প্রস্তাবকারী কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ট**

১। বিদ্যুৎ আইন, ১৯১০ এর ধারা ২৬ এর উপ-ধারা (৬) ও (৭) এর অধীনে এনার্জি মিটার এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি সঠিকত্ব পরীক্ষা করিয়া সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

(ক) যে কোন ধরনের এনার্জি মিটার ও অন্যান্য সরঞ্জামাদি পরীক্ষাগারে পরীক্ষার জন্য—

(১) ৫০ (পঞ্চাশ) এ্যাম্পিয়ার পর্যন্ত—

| | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|
| নিম্নচাপ বিশিষ্ট | ৪২০ টাকা |
| মধ্যমচাপ বিশিষ্ট | ৬৯০ টাকা |
| উচ্চচাপ বিশিষ্ট | ৮৪০ টাকা |

(২) ৫০ (পঞ্চাশ) এ্যাম্পিয়ারের উর্ধ্বে, কিন্তু ২০০ (দুইশত) এ্যাম্পিয়ারের অধিক নহে—

| | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|
| নিম্নচাপ বিশিষ্ট | ৬৩০ টাকা |
| মধ্যমচাপ বিশিষ্ট | ৮৪০ টাকা |
| উচ্চচাপ বিশিষ্ট | ১০৫০ টাকা |

(৩) ২০০ (দুইশত) এ্যাম্পিয়ারের উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) এ্যাম্পিয়ারের অধিক নহে—

| | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|
| নিম্নচাপ বিশিষ্ট | ৮৪০ টাকা |
| মধ্যমচাপ বিশিষ্ট | ১০৫০ টাকা |
| উচ্চচাপ বিশিষ্ট | ১২৬০ টাকা |

(৪) ৫০০ (পাঁচশত) এ্যাম্পিয়ারের অধিক—

| | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস |
|---|---|
| নিম্নচাপ বিশিষ্ট | ১০৫০ টাকা |
| মধ্যমচাপ বিশিষ্ট | ১২৬০ টাকা |
| উচ্চচাপ বিশিষ্ট | ১৪৭০ টাকা |

(খ) বিদ্যুৎ আইন, ১৯১০ এর ধারা ২৬ এর উপ-ধারা (৬) ও (৭) এর অধীনে বিরোধীয় কোন এনার্জি মিটার বা অন্যান্য সরঞ্জামাদি বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক প্রয়োজনে স্থাপনা এলাকায় পরীক্ষা-নিরীক্ষা করা হইলে তজ্জন্য নিম্ন, মধ্যম বা উচ্চ চাপের ক্ষেত্রে যথাক্রমে ৪২০, ৬৩০ বা ১২৬০ টাকা হারে ফিস উপ-দফা (ক) তে বর্ণিত ফিসের অতিরিক্ত ধার্য ও আদায় করা হইবে।

(গ) "উপরোক্ত অনুচ্ছেদ-১ এর উপানুচ্ছেদ (ক) ও (খ) এ বর্ণিত ফিস কে পরিশোধ করিবেন" এই প্রসঙ্গে সিদ্ধান্ত গ্রহণকালে বিদ্যুৎ পরিদর্শক, বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৮ এর বিধান অনুসরণ করিবেন।

(ঘ) এনার্জি মিটার ও অন্যান্য সরঞ্জামাদিসহ যে ক্ষেত্রে ট্রান্সফরমার ব্যবহৃত হয়, সে ক্ষেত্রে উপরোক্ত অনুচ্ছেদ-১ এর উদ্দেশ্য অর্জনকল্পে উক্ত এনার্জি মিটার ও অন্যান্য সরঞ্জামাদির ধারণ ক্ষমতা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য কারেন্ট ট্রান্সফরমারের প্রাইমারী সাইডের উল্লিখিত ধারণ ক্ষমতার উপর নির্ভর করিতে হইবে।

২। লাইসেন্সী অথবা মালিক, যে ক্ষেত্রে যেমন প্রয়োজ্য, কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

৩। বিদ্যুৎ আইন, ১৯১০ এর ধারা ২১ এর উপ-ধারা (৪), ধারা ২৬ এর উপ-ধারা (৪) ও (৬) এবং সিডিউল এর ৬(৩) দফা হইতে উদ্ভূত কোন বিরোধ, নিষ্পত্তির জন্য বিদ্যুৎ পরিদর্শকের নিকট প্রেরিত হইলে, সেক্ষেত্রে নিম্নরূপ ফিস ধার্য ও আদায় করা হইবে ঃ

(ক) ধারা ২১ এর উপ-ধারা (৪) হইতে উদ্ভূত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য ৮৪০ টাকা ;

(খ) ধারা ২৬ এর উপ-ধারা (৪) ও (৬) হইতে উদ্ভূত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য ৪২০ টাকা ;

(গ) সিডিউল এর ৬(৩) দফা হইতে উদ্ভূত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য ১২৬০ টাকা।

৪। যে পক্ষের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদত্ত হইবে সেই পক্ষ কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

## মান-ঠ

১। মেইন লাইন, ডিষ্ট্রিবিউটিং মেইন লাইন বা সার্ভিস লাইনে লিকেজ থাকার কারণে পানির পাইপ, গ্যাস পাইপ বা অন্যান্য পাইপ অথবা ইহাদের সহিত সংযুক্ত যে কোন সরঞ্জামাদি বিদ্যুতায়িত বা অন্য কোন প্রকারে ক্ষতিগ্রস্ত হইয়া থাকিলে সে ক্ষেত্রে বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর ধারা ৮৫ হইতে ৮৮ এর বিধান মোতাবেক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

(ক) প্রথম ১(এক) ঘন্টা অথবা ইহার অংশ বিশেষের জন্য ১২৬০ টাকা ;

(খ) পরবর্তী প্রতি ঘন্টা বা ইহার অংশ বিশেষের জন্য ৬৩০ টাকা।

২। মেইন লাইন, ডিষ্ট্রিবিউটিং মেইন লাইন বা সার্ভিস লাইনে যদি বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৮৫ হইতে ৮৮-তে বর্ণিত সীমার অতিরিক্ত লিকেজ আবিস্কৃত হয়, তাহা হইলে লাইসেন্সী অথবা মেইন লাইন, ডিষ্ট্রিবিউটিং মেইন লাইন বা সার্ভিস লাইনের মালিক, যে ক্ষেত্রে যেমন প্রযোজ্য, কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে। বিধি ৮৫ হইতে ৮৮ পর্যন্ত বর্ণিত সীমার অতিরিক্ত লিকেজ কারেন্ট পাওয়া না গেলে, পরীক্ষা-নিরীক্ষার জন্য আবেদনকারীর পক্ষ কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ড**

১। (ক) বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ২৭ এর অধীনে কোন বৈদ্যুতিক স্থাপনায় লিকেজের অস্তিত্ব আছে কি না তাহা পরীক্ষার জন্য ৪২০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(খ) বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৫ এর অধীনে পরিদর্শনকালে যদি দেখা যায় যে, বৈদ্যুতিক স্থাপনায় বিদ্যুৎ আইন, ১৯১০ বা তদধীন প্রণীত কোন বিধি এর বিধান যথাযথভাবে পালিত হয় নাই, তাহা হইলে সে ক্ষেত্রে ৪২০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(গ) গ্রাহক, মালিক অথবা দখলদারের অনুরোধক্রমে কোন বৈদ্যুতিক স্থাপনা পরিদর্শন করা হইলে, সে ক্ষেত্রে ৪২০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(ঘ) আর্থ প্লেটের রেজিস্ট্যান্স পরীক্ষার জন্য ২১০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ২৭ এর অধীনে আপীলকারী ব্যক্তি, অথবা মালিক, গ্রাহক বা দখলদার, যে ক্ষেত্রে যেমন প্রযোজ্য, কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান-ঢ**

১। এই তফসিল-এর কোন নির্দিষ্ট মান-এ বর্ণিত হয় নাই এমন নিম্নচাপবিশিষ্ট বৈদ্যুতিক স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) ২ (দুই) কিলোওয়াট পর্যন্ত সংযোজিত লোডের জন্য ৮৪/- টাকা;

(খ) ২ (দুই) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ২১/-টাকা।

২। মালিক কর্তৃক ফিস পরিশোধিত হইবে।

বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর ৪৮(১) বিধির আওতায় রেগুলেশন অনুযায়ী বৈদ্যুতিক কারিগরী পারমিট, বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট ও বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর মেয়াদকাল অতিক্রান্তে জরিমানা,

অনুলিপি জারী, রেজিস্টার এবং অবহেলা রিপোর্টের নির্ধারিত ফিস ঃ

| রেগুলেশন | | ফিস (টাকা) |
|---|---|---|
| রেগুলেশন ১৭ | বৈদ্যুতিক কারিগরী পারমিট নবায়ন অতিক্রান্ত জরিমানা ফিস | ৩০/- |
| রেগুলেশন ২২ | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট নবায়নের মেয়াদকাল অতিক্রান্তে জরিমানা ফিস | ৯০/- |
| রেগুলেশন ২৩ | বৈদ্যুতিক কারিগরী পারমিট অনুলিপি জারী ফিস | ১৫০/- |
| | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট অনুলিপি জারী ফিস | ৩০০/- |
| রেগুলেশন ২৭ | নিবন্ধিত বৈদ্যুতিক ঠিকাদারদের তালিকা সরবরাহ ফিস | ১৫০/- |
| রেগুলেশন ২৮ | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স মেয়াদকাল অতিক্রান্তে জরিমানা ফিস | ৩০০/- |
| রেগুলেশন ২৯ | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স অনুলিপি জারী ফিস | ৬০০/- |
| রেগুলেশন ৩০(২) | অবহেলাজনিত অভিযোগ বাবদ ফিস | ৩০০/- |

বৈদ্যুতিক কারিগরী পারমিট, বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট ও

বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর

প্রারম্ভিক পরীক্ষার ফিস ও বার্ষিক নবায়ন ফিস ঃ

প্রবিধান-৩৪, ফিস - এই প্রবিধানের অধীনে নিম্নবর্ণিত ফিস আরোপ করা হইবে ঃ—

| | প্রারম্ভিক পরীক্ষার ফিস (টাকা) | বাৎসরিক নবায়ন ফিস (টাকা) |
|---|---|---|
| (১) বৈদ্যুতিক ওয়ার্কম্যান— | | |
| (ক) শ্রেণী-ক | ৩০০/- | ৯০/- |
| (খ) শ্রেণী-খ | ১৫০/- | ৬০/- |
| (গ) শ্রেণী-গ | ৯০/- | ৩০/- |

| | প্রারম্ভিক পরীক্ষার ফিস (টাকা) | বাৎসরিক নবায়ন ফিস (টাকা) |
|---|---|---|
| (২) বৈদ্যুতিক সুপারভাইজারগণ— | | |
| (ক) শ্রেণী-ক | ১৮০০/- | ৬০০/- |
| (খ) শ্রেণী-খ | ১২০০/- | ৪২০/- |
| (গ) শ্রেণী-গ | ৬০০/- | ৩০০/- |
| (৩) বৈদ্যুতিক ঠিকাদারগণ— | | |
| (ক) শ্রেণী-ক | ৪৮০০/- | ২৪০০/- |
| (খ) শ্রেণী-খ | ২৪০০/- | ১২০০/- |
| (গ) শ্রেণী-গ | ১২০০/- | ৬০০/- |

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd